অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/20/2026 **গভর্নর ক্যাথি হোকল**

যে মন্তব্য প্রস্তুত করা হয়েছে: গভর্নর হোকল 2027 অর্থবছরের নির্বাহী বাজেটের উল্লেখযোগ্য দিকগুলি প্রকাশ করেছেন: একটি আরো শক্তিশালী, নিরাপদ, সাশ্রয়ী নিউ ইয়র্ক

বাজেটের সম্পূর্ণ বই এখানে পাওয়া যাবে

গভর্নর যা বলেছেন তা নিচে দেওয়া হল:

সকলকে জানাই শুভ অপরাহ্ন। প্রথমে, আমার অসাধারণ সিনিয়র টিমকে — গভর্নরের সচিব Karen Persichilli Keogh (ক্যারেন পার্সিচিলি কিয়োগ)-কে আমি ধন্যবাদ জানাতে চাই। বাজেট ডিরেক্টর Blake Washington (ব্লেক ওয়াশিংটন), একটুক্ষণ পরেই আপনারা ওনার থেকে আরো জানতে পারবেন। উপদেষ্টা Brian Mahanna (ব্রায়ান মাহান্না)। আমার সিনিয়র টিমের দুই নতুন সদস্যকে স্বাগত জানাতে পেরে আমি গর্বিত - ডিরেক্টর অফ স্টেট অপারেশনস Jackie Bray (জ্যাকি ব্রে), যাকে অনেকেই হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের (Division of Homeland Security) কমিশনার হিসেবে দায়িত্ব পালনের সময় থেকে চেনেন এবং আমার নতুন পলিসি ডিরেক্টর Emma Vadehra (এমা ভাদেহরা)।

আমি বাজেট প্রক্রিয়ায় আমার অংশীদারদের, সিনেট নেতা Andrea Stewart-Cousins (আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন্স), অ্যাসেম্বলির স্পিকার Carl Heastie (কার্ল হিস্টি)-কে ধন্যবাদ জানাতে চাই। গত পাঁচ বছর যদি আমাদের কিছু শিখিয়ে থাকে, তা হলো নিউ ইয়র্কবাসীর জন্য লড়াই করার স্বাভাবিক প্রচেষ্টায়, আগামী কয়েক মাস ধরে আমরা এই ঘরে অনেক সময় ব্যয় করব।

সেইসাথে আমি এদের কাজকেও স্বীকৃতি দিতে চাই: স্টেট কম্পট্রোলার Tom DiNapoli (টম ডিনাপোলি), সিনেটের ডেপুটি মেজরিটি লিডার Michael Gianaris (মাইকেল জিয়ানারিস), সিনেটের ফাইন্যান্স এর সভাপতি (Liz Krueger) লিজ ক্রুগার, অ্যাসেম্বলি ওয়েজ অ্যান্ড মিনস এর সভাপতি Gary Pretlow (গ্যারি প্রেটলো), সিনেটের সংখ্যালঘু নেতা (Rob Ortt) রব অর্ট, অ্যাসেম্বলি সংখ্যালঘু নেতা (William Barclay) উইলিয়াম বার্কলে, সিনেটের ফাইন্যান্স র‍্যাঙ্কার সিনেটর O'Mara (ও'মারা), অ্যাসেম্বলি ওয়েজ অ্যান্ড মিনস র‍্যাঙ্কার (Assembly Ways & Means Ranker), অ্যাসেম্বলিম্যান Ra (রা)।

গত সপ্তাহে, আমি 2026 সালের জন্য আমাদের উচ্চাভিলাষী এজেন্ডা, একটি শক্তিশালী, নিরাপদ, আরও সাশ্রয়ী নিউ ইয়র্কের জন্য আমাদের দৃষ্টিভঙ্গি তুলে ধরেছিলাম। আজ আমি

আপনাদের দেখাতে এসেছি কীভাবে আমরা দায়িত্বের সাথে আমাদের 2027 অর্থবছরের নির্বাহী বাজেটে সেটির অর্থায়ন করব। একটি বাজেটে, একটি পৃষ্ঠায় যে সমস্ত সংখ্যা দেওয়া থাকে, তার থেকেও সেটি বেশি গুরুত্বপূর্ণ। এটি অগ্রাধিকারের একটি বিবৃতি, একটি শৃঙ্খলার পরীক্ষা। আর এই বছর ওয়াশিংটন থেকে এত অনিশ্চয়তা বেরিয়ে আসছে যে এটি অবশ্যই এমন একটি পরিকল্পনা হতে হবে যা চাপের মধ্যেও টিকে থাকতে পারে।

গত চার বছরে, আমরা কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় প্রমাণ করেছি: আয়কর না বাড়িয়ে, পরবর্তী প্রজন্মের ওপর ঋণের বোঝা না চাপিয়ে এবং মানুষের ক্রয়ক্ষমতার বিষয়টিকে অগ্রাহ্য না করে, আপনি ঐতিহাসিক বিনিয়োগ করতে পারেন। নিউ ইয়র্কবাসীরা মাথার ঘাম পায়ে ফেলে, দীর্ঘ দিন, গভীর রাতে এবং ভোরে কাজ করে, করদাতাদের অর্থ অর্জিত হয়। তাই, আরও ভালো ভবিষ্যৎ গড়ে তোলার জন্য বিনিয়োগ করার সময় আমাদের দায়িত্বশীল তত্ত্বাবধায়ক হতে হবে।

বছরের পর বছর ধরে আমাদের বাজেটের সবচেয়ে বড় হুমকি ছিল সম্ভাব্য মন্দা। এবং নিউ ইয়র্কবাসীদের সেই ঝুঁকি থেকে রক্ষা করার জন্য আমরা সন্তর্পণে পরিকল্পনা করেছি। কিন্তু নতুন এবং সবচেয়ে অপ্রত্যাশিত চ্যালেঞ্জটি একেবারেই আলাদা: স্টেটগুলির উপর ট্রাম্প প্রশাসনের সরাসরি আক্রমণ। স্টেটগুলির সাথে ফেডারেল সরকারের সম্পর্ক কখনোই সহজ ছিল না। কিন্তু কয়েক দশক ধরে, একটি মৌলিক বিশ্বাস ছিল। যখন স্টেটগুলি ফেডারেল কর্মসূচি প্রদানের জন্য এগিয়ে আসে, তখন ফেডারেল সরকার একজন নির্ভরযোগ্য অংশীদার হবে।

এক বছরে, ট্রাম্প প্রশাসন সেই বিশ্বাস ভেঙে দিয়েছে। বারবার, কংগ্রেসনাল রিপাবলিকানরা, যার মধ্যে আমাদের নিজস্ব স্টেটের সাতজনও রয়েছেন, তাদের নির্বাচিত জনগণের পক্ষে দাঁড়াতে ব্যর্থ হয়েছেন। তাদের রক্তপাত বন্ধ করার ক্ষমতা আছে কিন্তু তারা তাদের নির্বাচনী এলাকার জন্য লড়াই করতে অস্বীকৃতি জানায়। আর সারা দেশে আমরা কর্মজীবী পরিবারগুলি, তা তারা যাকেই ভোট দিক না কেন, তাদের জন্য বাস্তব পরিণতি দেখতে পাচ্ছি।

এই কারণেই এই বছরের বাজেট একই সাথে দুটি বাস্তবতা প্রতিফলিত করে: নিউ ইয়র্কে আমাদের সত্যিই গতি আছে। আর ভবিষ্যতের পথে অস্থিরতা রয়েছে, তাই আমাদের সতর্ক থাকতে হবে। এই সতর্কতা গুরুত্বপূর্ণ কারণ মহামারীর পরে নিউ ইয়র্ক আপনা আপনিই পুনরুদ্ধার হয়ে ওঠেনি। এটি সতর্ক সিদ্ধান্ত, একটি ন্যায়সঙ্গত কর ব্যবস্থা এবং প্রবৃদ্ধিকে উৎসাহিত করে এমন একটি অর্থনৈতিক পরিবেশের উপর নির্মিত হয়েছিল। এই ভারসাম্য আত্মবিশ্বাস ফিরিয়ে আনতে সহায়তা করেছে, আমি গভর্নর নির্বাচিত হওয়ার পর থেকে দশ লক্ষ বেসরকারি খাতে কর্মসংস্থান তৈরি করেছে এবং আমাদের স্টেটকে আরও শক্তিশালী ভিত্তির উপর দাঁড় করিয়েছে। কিন্তু সেই সাফল্যের নিশ্চয়তা নেই। এই কারণেই এই বাজেটটি ভবিষ্যতের অনিশ্চয়তার জন্য প্রস্তুতি নেওয়ার সময় যা কাজ করছে তা রক্ষা করার জন্য তৈরি করা হয়েছে।

তাহলে আমাকে বৃহৎ চিত্রটি দিয়ে শুরু করতে দিন। এই নির্বাহী বাজেটে সকল তহবিলের ব্যয় 0.7 শতাংশ বৃদ্ধি পেয়ে মোট 260 বিলিয়ন ডলার হয়েছে। ব্যয় খুব সামান্য বেড়েছে এবং এটি মূলত ফেডারেল কাটছাঁট পূরণ করার জন্য, বিশেষ করে স্বাস্থ্যসেবা খাতে।

কারণ এই বাজেটে ফেডারেল তহবিল প্রায় 10.3 বিলিয়ন ডলার কমে গেছে। এটি গত বছরের তুলনায় 11.4 শতাংশ কম। এর মধ্যে কিছু ছিল অতিমারীর জন্য ছাড় যা আমরা জানতাম যে বন্ধ হয়ে যাবে। কিন্তু এর মধ্যে 3 বিলিয়ন ডলার হল রেকারিং Medicaid তহবিল যার উপর নিউ ইয়র্ক লক্ষাধিক মানুষের পরিচর্যা প্রদানের জন্য নির্ভর করে। এই ফেডারেল কাটছাঁটের পরিধি আরও খারাপ হত যদি আমরা ট্রাম্প প্রশাসনের (Trump Administration) বিরুদ্ধে আদালতে এবং সরকারি পদ বা কর্তৃত্বের কথা বলার সুযোগ (bully pulpit)-কে কাজে লাগিয়ে কমপক্ষে 4 বিলিয়ন ডলারের অতিরিক্ত কাটছাঁট এবং ফ্রিজিং সফলভাবে আটকে না রাখতাম। এর মধ্যে রয়েছে আইন প্রণয়নকারী অনুদান, সুরক্ষা কর্মসূচি এবং ভাল বেতনের কর্মসংস্থান প্রদানকারী অবকাঠামো প্রকল্পগুলিতে কাটছাঁটের প্রচেষ্টা।

এই ফেডারেল কাটছাঁট পূরণে সহায়তা করার জন্য স্টেট অপারেটিং ফান্ড (State Operating Funds) বৃদ্ধি করে 157.6 বিলিয়ন ডলার করতে হবে। আমরা নিশ্চিত করছি যে দুর্বল নিউ ইয়র্কবাসীরা যাতে প্রয়োজনীয় পরিচর্যা থেকে বঞ্চিত না হন এবং আমরা আমাদের করদাতাদের সুরক্ষা দেওয়ার পাশাপাশি এটি করছি। এবারও নিউ ইয়র্কবাসীদের উপর কোনও আয়কর বৃদ্ধি করা হচ্ছে না।

এবং এই বাজেটে রিজার্ভ 14.6 বিলিয়ন ডলারে বজায় রাখা হয়েছে। সংখ্যাটিকে অর্থবহ করার জন্য পারিপার্শ্বিক বিবরণ, তুলনা বা পরিস্থিতি প্রদান করার জন্য আমাকে এক মিনিট সময় দিন। 2021 সালে যখন আমি ক্ষমতায় আসি, তখন আমাদের রিজার্ভ ছিল প্রায় 2.5 বিলিয়ন ডলার। গত কয়েক বছর ধরে আমরা আমাদের রিজার্ভগুলিকে এমনভাবে গড়ে তুলেছি যাএকটি বিশাল, নিরাপদ এবং উল্লেখযোগ্য মূল্য না হারিয়ে দ্রুত ও সহজে নগদে রূপান্তরিত করা যায় এমন একটি দুর্দিনের তহবিল, যা আর্থিক বিচক্ষণতার সর্বোচ্চ মানদণ্ড হিসেবে বিবেচিত হয়, যা নিউ ইয়র্ককে মন্দার সময় রক্ষা করার জন্য যথেষ্ট শক্তিশালী এবং পরিবার এবং ব্যবসার সহায়তার প্রয়োজন হলে পদক্ষেপ নেওয়ার জন্য যথেষ্ট নমনীয়।

গত বছর, আমাদের নেতাদের সাথে কাজ করে, আমরা ইচ্ছাকৃতভাবে সিদ্ধান্ত নিয়েছিলাম যে সেই রিজার্ভের একটি অংশ ব্যবহার করে 7 বিলিয়ন ডলারের বেকারত্ব বীমা ঋণ পরিশোধ করব। এটি ছোট ব্যবসার উপর থেকে একটি বড় বোঝা কমিয়েছে এবং একই সাথে চাকরি থেকে ছাঁটাই হওয়া কর্মীদের জন্য সুবিধা বৃদ্ধি করেছে। অর্থাৎ, আমরা সেই দুর্দিনের জন্য তহবিলগুলি একটি কারণে তৈরি করেছি। এবং যখন দুর্দিন শুরু হয়েছিল, আমরা সেগুলো ব্যবহার করতাম। এই হ্রাসের পরেও আমাদের রিজার্ভ স্বচ্ছল রয়েছে।
স্টেটের ইতিহাসে যেকোনো প্রশাসনের তুলনায় আমাদের কাছে এখনও সর্বোচ্চ রিজার্ভ রয়েছে।

এবং এই বাজেট নিউ ইয়র্কের আর্থিক স্থিতিশীলতা রক্ষা করে চলেছে। ওয়াল স্ট্রিট থেকে রেকর্ড পরিমাণ বোনাসের কারণে আয় তার পূর্বানুমান ছাড়িয়ে গেছে। এটি নিউ ইয়র্কের কর ব্যবস্থার একটি মৌলিক বাস্তবতা প্রতিফলিত করে। আমাদের দেশে ইতিমধ্যেই আমাদের সবচেয়ে প্রগতিশীল কর কাঠামো রয়েছে যার অর্থ যখন অর্থনীতি শক্তিশালী হয় এবং বিশেষ করে যখন উচ্চ সম্পদ থাকা ব্যক্তি এবং নিয়োগকর্তারা বেশি আয় করেন, তখন আমাদের রাজস্ব বৃদ্ধি পায়। আর সেই কারণেই আমরা নিউ ইয়র্কবাসীদের থেকে বেশি অর্থ না নিয়েও আরও বেশি বিনিয়োগ করতে পারছি।

তবে অন্য একটি বিষয়ে আমাকে স্পষ্ট করে বলতে দিন: এটি কোনও ব্যয় সংকোচনের বাজেট নয়। কিন্তু এটা একটা সুশৃঙ্খল বাজেট। আমরা নিউ ইয়র্কবাসীদের নির্ভরযোগ্য মূল পরিষেবাগুলিতে বিনিয়োগ অব্যাহত রেখে স্টেট অপারেটিং ফান্ডের বৃদ্ধিকে একটি দায়িত্বশীল স্তরে রেখেছি।

গত বছর ধরে, আমরা নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়া প্রোগ্রামগুলির উপর কঠোর নজর রেখেছি পরিষেবা কেড়ে নেওয়ার জন্য নয় বরং করদাতাদের অর্থ, যাদের পরিষেবা দেওয়ার জন্য, প্রকৃতপক্ষে সেইসব মানুষের কাছে পৌঁছাচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য।

একটি উদাহরণ হল ভোক্তা অভিমুখী ব্যক্তিগত সহায়তা কর্মসূচি (Consumer Directed Personal Assistance Program, CDPAP)। এটি এমন একটি প্রোগ্রাম যা দুর্বল নিউ ইয়র্কবাসীদের জন্য গুরুত্বপূর্ণ পরিচর্যা প্রদান করে কিন্তু এটি একেবারেই কোনও তদারকি ছাড়াই তৈরি করা হয়েছিল। এর বৃদ্ধি ছিল সূচকীয়, নিয়ম ছিল শিথিল এবং কিছু ক্ষেত্রে প্রতারণা পর্যন্ত ঘটত। ব্যয় নিয়ন্ত্রণের বাইরে চলে যায় এবং এই গুরুত্বপূর্ণ কর্মসূচির কার্যকারিতা বিপন্ন করে তোলে। আমরা বলেছিলাম: "অনেক হয়েছে।" অপব্যবহার বন্ধ করে প্রোগ্রামটিকে সুশৃঙ্খল অবস্থায় ফিরিয়ে আনা হয়েছে।

আমাদের সংস্কারগুলি কাজ করছে। যাদের পরিচর্যা প্রয়োজন তারা তা পাচ্ছেন। আমরা এই কর্মসূচিকে দীর্ঘমেয়াদী আর্থিক স্থিতিশীলতার পথে নিয়ে এসেছি। এবং ওভারহেড খরচ নিয়ন্ত্রণের মাধ্যমে আমরা আমাদের প্রত্যাশার দ্বিগুণ প্রায় 1.2 বিলিয়ন ডলার সাশ্রয় করতে পেরেছি। আর আমরা সেই সাশ্রয় করা অর্থ দিয়ে কী করেছি? ফেডারেল সরকার যখন সহায়তা থেকে কোটি কোটি ডলার ব্যয় বরাদ্দ কমাচ্ছে, তখন Medicaid (মেডিকেড)-কে স্থিতিশীল করার জন্য আমরা এগুলি ব্যবহার করেছি।

এর অর্থ কী তা আমি ব্যাখ্যা করছি। Medicaid স্টেটের ব্যয়ের অন্যতম প্রধান চালিকাশক্তি। প্রায় অর্ধেক নিউ ইয়র্কবাসী, সরকার-সমর্থিত হেলথ কভারেজের উপর নির্ভর করে: প্রবীণ, শিশু, প্রতিবন্ধী ব্যক্তি এবং কর্মজীবী পরিবার। কিন্তু এই বছর ট্রাম্প প্রশাসন স্টেটগুলির বিরুদ্ধে প্রকাশ্য বৈরিতা পোষণ করেছে এবং 1960 সাল থেকে কার্যকর যে সমস্ত ফেডারেল সহায়তা চলে আসছে সেগুলো কমিয়ে দিয়েছে। আমরা প্রায় অবিলম্বেই সেই সিদ্ধান্তের প্রভাব দেখতে পেলাম।

গ্রীষ্মকালে আমাদের পরিচর্যা সুরক্ষিত রাখা এবং আমাদের সিস্টেমকে স্থিতিশীল রাখার জন্য কঠোর সিদ্ধান্ত নিতে বাধ্য করা হয়েছিল। হ্যাঁ, ফেডারেল সরকার যে খরচ প্রদান করতে অস্বীকার করেছিল, স্টেট সেই 750 মিলিয়ন ডলার খরচের ভার বহন করার জন্য পদক্ষেপ নিয়েছে। প্রেসিডেন্টের "বিগ আগলি বিল (Big Ugly Bill)" শুধুমাত্র এই বাজেট বছরেই Medicaid-এ 3 বিলিয়ন ডলারের ঘাটতি পূরণ করবে। স্পষ্টতই, আজ থেকে এক বছর আগে যখন Donald Trump (ডোনাল্ড ট্রাম্প) শপথ নিয়েছিলেন, তখন এরকম যে হতে পারে তা আমরা ভাবতে পারিনি।

কিন্তু আমরা এটি কীভাবে মোকাবেলা করব তা এখানে দেওয়া হল। আমরা স্বাস্থ্যসেবা ব্যবস্থায় দক্ষতা বৃদ্ধির উপায় খুঁজতে থাকব কারণ ঊর্ধ্বমুখী ব্যয়ের ধারাকে পরিবর্তন করে এর বৃদ্ধিকে

থীর করা বা এটিকে হ্রাস করা গুরুত্বপূর্ণ। কিন্তু আমরা ওয়াশিংটনের মতো, সাধারণ মানুষের উপর খরচ চাপিয়ে দেব না বা দুর্বল সম্প্রদায়গুলির জীবনকে আরো বিপদের মধ্যে ফেলব না। আমরা আসলে সেরকম নই। এই বাজেট একটি ভারসাম্যপূর্ণ দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছে — পরিষেবা প্রদানকারীদের সহায়তা প্রদানকারী পরিষেবাগুলিকে রক্ষা করা এবং দায়িত্বশীলভাবে প্রবৃদ্ধি পরিচালনা করা।

ফেডারেল নীতির পরিবর্তনের সাথে সাথে, আমরা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা প্রদান অব্যাহত রাখব এবং স্টেট একা কোন খরচ বহন করতে পারবে এবং কোন খরচ বহন করতে পারবে না সে সম্পর্কে সৎ থাকব। এবং এই চ্যালেঞ্জগুলি মোকাবেলা করার পরেও আমরা কর্মজীবী পরিবারগুলিকে এগিয়ে যেতে সহায়তা করার জন্য বিনিয়োগ করে যাচ্ছি। এর শুরুটা সাধারণ মানুষের অর্থ আরও বেশি করে তাদের কাজে লাগানোর মাধ্যমে। গত প্রায় 70 বছরের মধ্যে, এই বছর, নিউ ইয়র্কবাসীদের মধ্যবিত্ত কর হার সর্বনিম্ন। এবং আমরা টিপসের উপর স্টেট আয়কর বন্ধ করছি যাতে পরিষেবা কর্মীরা তাদের অতিরিক্ত উপার্জন রাখতে পারেন। যদি আপনি দীর্ঘ শিফটে, রাত্রিকালীন বা সপ্তাহান্তে কাজ করেন, তাহলে এই টিপস আপনাকে বিল পরিশোধ করতে সহায়তা করবে, কর পরিশোধের জন্য নয়।

এবং আমরা আমাদের কৃষকদের জন্যও একই ছাড় প্রদান করছি। এই বাজেটে ফেডারেল শুল্কের কারণে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কের কৃষকদের জন্য, বিশেষ করে দুগ্ধজাত পণ্য এবং বিশেষ ফসল উৎপাদনকারীদের জন্য 30 মিলিয়ন ডলারের লক্ষ্যমাত্রার ছাড় অন্তর্ভুক্ত রয়েছে। এই সহায়তা ক্রমবর্ধমান খরচ মেটাতে এবং পারিবারিক খামারগুলিকে সচল রাখতে গড়ে প্রায় 3,000 ডলার প্রদান করবে।

এবার পারিবারিক বাজেটের সবচেয়ে বড় চাপগুলির মধ্যে একটিতে আসা যাক: শিশু পরিচর্যা। আমি যখন দায়িত্ব গ্রহণ করি, তখন স্টেট শিশু পরিচর্যা ভর্তুকি বাবদ প্রায় 832 মিলিয়ন ডলার ব্যয় করছিল, যা কর্মজীবী পরিবারের চাহিদা মেটানোর জন্য যথেষ্ট ছিল না। নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে ব্যক্তিগত ভাবে এটা আমার কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

দায়িত্ব গ্রহণের পর থেকে, নিউ ইয়র্ক দীর্ঘস্থায়ী এবং সুচিন্তিত বিনিয়োগের মাধ্যমে শিশু পরিচর্যা এবং প্রাথমিক শিক্ষার জন্য 8 বিলিয়ন ডলারেরও বেশি ব্যয় করেছে। এই বছর, আমরা কর্মজীবী পরিবারের জন্য শিশু পরিচর্যার সুযোগ সম্প্রসারণ এবং খরচ কমাতে অতিরিক্ত 4.5 বিলিয়ন ডলার বিনিয়োগ করব। আমরা জানি যে শিশু পরিচর্যার ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটি এবং স্টেটের বাকি অংশের চাহিদা এবং অবকাঠামো ভিন্ন এবং তাদের বিভিন্ন সমাধান প্রয়োজন। নিউ ইয়র্ক সিটিতে, আমরা ইউনিভার্সাল 2-কেয়ারের প্রথম দুই বছরের সম্পূর্ণ তহবিল সরবরাহের জন্য 500 মিলিয়ন ডলার বিনিয়োগ করব এবং একই সাথে ইউনিভার্সাল 3-K-এর প্রতিশ্রুতিকে সমর্থন করব।

স্টেট ব্যাপী, আমরা একটি ভিন্ন কিন্তু সমানভাবে উচ্চাভিলাষী পদ্ধতিতে 1.3 বিলিয়ন ডলার বিনিয়োগ করছি। প্রথমত, আমরা 2028 সালের মধ্যে প্রতিটি চার বছর বয়সী শিশুর জন্য ইউনিভার্সাল প্রি-K (Universal Pre-K) উপলব্ধ করব। আমরা বছরের পর বছর ধরে এটি গড়ে তুলছি। আজ, আমরা যে চার বছর বয়সী শিশুদের সেবা করার আশা করছি তাদের প্রায় 75 শতাংশ ইতিমধ্যেই Pre-K-তে নথিভুক্ত।

এবং এই বছর সেই বয়সের আগে পরিবারগুলির চাহিদা পূরণের জন্য আমরা নবজাতক থেকে 3 বছর বয়সী শিশুদের জন্য বছরব্যাপী, পুরো দিনের সাশ্রয়ী মূল্যের পরিচর্যা প্রদানের জন্য কমিউনিটি-ব্যাপী শিশু পরিচর্যার পরীক্ষামূলক প্রকল্প চালু করব। এবং আমরা আমাদের শিশু পরিচর্যা সহায়তা কর্মসূচির (Child Care Assistance Program) প্রমাণিত সাফল্যকে এবং আমাদের ভাউচার সিস্টেমকে কাজে লাগাবো যাতে সহস্রাধিক পরিবার উন্নত মানের পরিচর্যায় অ্যাক্সেস পেতে পারে যার জন্য সপ্তাহে 15 মার্কিন ডলারের বেশি ব্যয় হবে না।

এখন আমি স্পষ্ট করে বলতে চাই: আমরা নিকট ভবিষ্যতে এই সম্প্রসারণের জন্য অর্থায়ন করতে পারি কারণ রাজস্ব আছে। আমরা এটা বলছি না যে আমরা পাঁচ বছর পরে তালিকাভুক্তির ব্যবহার বা ফেডারেল নীতি ভবিষ্যদ্বাণী করতে পারি।

তাই আমরা সেই কাজটিই করছি যা দায়িত্বশীল সরকার করে: বিদ্যমান সম্পদ ব্যবহার করে দীর্ঘমেয়াদী স্থায়িত্বের দিকে এগিয়ে যাওয়া। কিন্তু জেনে রাখুন যে ভবিষ্যতের প্রতি আমার অঙ্গীকার রয়েছে। শিশুদের বয়স শিশু পরিচর্যার আওতার বাইরে চলে গেলে তাদের প্রতি আমাদের অঙ্গীকার শেষ হয়ে যায় না।

এই বাজেটে পরবর্তী প্রজন্মের জন্য প্রায় 40 বিলিয়ন ডলার স্কুল সহায়তা বিনিয়োগ করা হয়েছে। এবং আমরা নিশ্চিত করা অব্যাহত রাখছি যেন উচ্চ-চাহিদার ডিস্ট্রিক্টগুলিতে যথাযথভাবে তহবিল সরবরাহ করা হয়। পূর্ববর্তী প্রশাসনের দীর্ঘ ষোল বছর ধরে ব্যর্থতার পর, আমি স্থানীয় কর উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি না করেই স্কুলগুলিকে নিশ্চয়তা প্রদানের জন্য ফাউন্ডেশন এইড (Foundation Aid)-কে সম্পূর্ণ অর্থায়ন করার সিদ্ধান্ত নিয়েছি।

এই ডিস্ট্রিক্টগুলির অনেকগুলি স্টেটের অত্যন্ত চাহিদাসম্পন্ন বা গ্রামীণ এলাকায় অবস্থিত এবং তাদের কাছে রাজস্ব সংগ্রহের অন্য কোনও উপায় নেই। এই কারণেই আমরা আবারও বিদ্যমান সূত্রের অধীনে স্কুলগুলি যে পরিমাণ ফাউন্ডেশন এইড পাবে তা আরো বাড়াচ্ছি।

এখন, আমি কয়েকটি বিষয় স্পষ্ট করে বলতে চাই: শুধু তহবিল সরবরাহই ফলাফলের নিশ্চয়তা দেয় না। এই কারণেই আমরা ঐতিহাসিক বিনিয়োগের সাথে সাধারণ জ্ঞানের সংস্কারের যোগসূত্র স্থাপন করেছি, যেমন ক্লাসরুম থেকে মোবাইল ফোন সরিয়ে ফেলা, যাতে শিশুরা তাদের শিক্ষকদের প্রতি মনোযোগ দিতে শুরু করে এবং পড়ার ক্ষেত্রে মৌলিক শিক্ষার দিকে ফিরে যায়, এই পদ্ধতিটি আমরা এই বছর গণিতেও প্রসারিত করব।

আর গত বছর আমরা যে ইউনিভার্সাল স্কুল মিল প্রোগ্রাম (Universal School Meals) চালু করেছিলাম, সেটা মনে আছে? এটি এতটাই জনপ্রিয় ছিল যে চাহিদা আমাদের প্রত্যাশাকে ছাড়িয়ে গিয়েছিল। তাই আমরা দ্বিতীয় বছরের জন্য 395 মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে অ্যাক্সেস সম্প্রসারণ করছি। এটি গত বছরের তুলনায় 50 মিলিয়ন ডলার বেশি। কারণ কোনও শিশুরই তাদের পরবর্তী খাবার কোথা থেকে আসবে তা নিয়ে চিন্তা করার দরকার নেই। ফুল স্টপ।

আমরা SUNY এবং CUNY-তেও সাশ্রয়যোগ্যতা রক্ষা করছি। আমার নিজের পরিবারের জন্য যে সুযোগগুলি উন্মোচিত হয়েছিল তার মধ্য দিয়ে আমি কলেজ শিক্ষার শক্তি দেখতে পেয়েছি। এই কারণেই এই বাজেটে টিউশন ফি বাড়ানো হয়নি এবং ক্যাম্পাসগুলিকে অতিরিক্ত 90 মিলিয়ন ডলার অপারেটিং সহায়তা প্রদান করা হয়েছে যাতে তাদের শিক্ষার্থী এবং পরিবারের উপর খরচ বাড়াতে না হয়।

আমরা গর্বিত যে আমাদের বিনামূল্যের কমিউনিটি কলেজ প্রোগ্রাম ইতিমধ্যেই প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের ভালো বেতনের চাকরির জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনে সহায়তা করছে। সেই সাফল্যের উপর ভিত্তি করে এই বাজেটে তহবিল, 47 মিলিয়ন ডলার থেকে বাড়িয়ে প্রায় 60 মিলিয়ন ডলার করা হয়েছে, যা নতুন উচ্চ-চাহিদাসম্পন্ন ক্ষেত্রগুলিতে প্রবেশাধিকার বৃদ্ধি করবে। আমরা যোগ্যতার প্রয়োজনীয়তাগুলিও আপডেট করছি যাতে নিউ ইয়র্কবাসী যাদের ইতিমধ্যেই অন্য কোনও ক্ষেত্রে ডিগ্রি রয়েছে তারা নার্স হিসেবে পুনরায় প্রশিক্ষণ নিতে পারেন এবং আমাদের কর্মীবাহিনীর চাহিদা দ্রুত পূরণ করতে সহায়তা করতে পারেন।

নিউ ইয়র্কবাসীদের যেমন একটি নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের বাসস্থান প্রাপ্য, ঠিক তেমনি তাদের উচ্চমানের শিক্ষাও প্রাপ্য। যদিও আমরা সত্যিকার অর্থে অগ্রগতি অর্জন করেছি, নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলায় আমার প্রতিশ্রুতি আগের চেয়ে আরও শক্তিশালী। আমরা এখন আমাদের 25 বিলিয়ন ডলারের আবাসন পরিকল্পনার পঞ্চম বছরে আছি। আমি আনন্দের সাথে জানাচ্ছি যে আমরা হোম স্ট্রেচের কাছাকাছি চলে এসেছি এবং আমরা আমাদের 100,000 নতুন বা সংরক্ষিত বাড়ির লক্ষ্য পূরণ করব যা আমরা আগামী বছরের মধ্যে পূরণ করার আশা করছি।

আমি সেই সাফল্যের উপর ভিত্তি করে গড়ে তুলতে চাই।

এই কারণেই আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হওয়ার আগে, আমি প্রকল্পগুলি চলমান রাখতে এবং সরবরাহ আরও সম্প্রসারণের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসনের জন্য আরও 250 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে চেয়েছিলাম। এবং আমরা MOVE-IN NY-এর জন্য 100 মিলিয়ন ডলার প্রদান করব যাতে পরিবারগুলিকে উচ্চমানের, কারখানায় নির্মিত স্টার্টার হোমে স্থানান্তরিত হতে সহায়তা করা যায় যা প্রচলিত আবাসনের প্রায় অর্ধেক খরচে দ্রুত নির্মিত হয়। বন্যা এবং চরম আবহাওয়া থেকে আবাসন রক্ষা করার জন্য আমরা আমাদের রিসাইলেন্ট অ্যান্ড রেডি (Resilient and Ready) প্রোগ্রামে 50 মিলিয়ন ডলার বিনিয়োগ করছি।

এবং গৃহহীনদের আবাসন ও সহায়তা কর্মসূচির জন্য অতিরিক্ত 25 মিলিয়ন ডলার আমাদের মোট প্রতিশ্রুতি 153 মিলিয়ন ডলারে নিয়ে এসেছে যাতে আমরা আমাদের সবচেয়ে দুর্বল প্রতিবেশীদের সহায়তা করা অব্যাহত রাখতে পারি।

আপনি আমাকে সামর্থ্য, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং আবাসন সম্পর্কে কথা বলতে শুনেছেন। কিন্তু এর সবকিছুর ভিত্তি হলো মানুষকে নিরাপদ রাখা। আমরা অপরাধ-প্রতিরোধ কৌশলগুলিতে রেকর্ড বিনিয়োগ করেছি যা কার্যকর এবং ফলাফলগুলি বাস্তব।

কী কাজ করে এই বাজেটটি তার উপর ভিত্তি করে তৈরি: বন্দুক সহিংসতা প্রতিরোধের জন্য 352 মিলিয়ন ডলার এবং পাতাল রেল নিরাপত্তা জোরদার করার জন্য 77 মিলিয়ন ডলার। আমরা উপাসনালয় এবং দুর্বল প্রতিষ্ঠানগুলিকে সুরক্ষিত করার জন্য সম্প্রদায়গুলিকে সুরক্ষিত করার অনুদানের জন্য 35 মিলিয়ন ডলার বিনিয়োগ করব।

এবং আমি যে চূড়ান্ত নীতিটি তুলে ধরতে চাই তা হল এমন কিছু যা ব্যক্তিগতভাবে আমার কাছে খুবই গুরুত্বপূর্ণ: আমাদের সন্তান এবং নাতি-নাতনিদের জন্য একটি দূষণমুক্ত এবং পরিবেশবান্ধব ভবিষ্যত তৈরি করা।

আমার দায়িত্ব গ্রহণের প্রথম মাসেই আমাদের পরিবেশ যে হুমকির সম্মুখীন হচ্ছে তা জেনে আমি পরিবেশগত বন্ড আইনে (Environmental Bond Act) 1.3 বিলিয়ন ডলার যোগ করেছি, যার ফলে মোট বরাদ্দ 4.3 বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। এই বিনিয়োগ ইতিমধ্যেই পানীয় জলের সুরক্ষা, পুরাতন অবকাঠামোর উন্নয়ন এবং স্টেট জুড়ে সম্প্রদায়গুলিতে কর্মসংস্থান সৃষ্টি করছে।

এই বছর, আমি আরও বড় পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি, বিশুদ্ধ জলের অবকাঠামোতে পঞ্চবার্ষিকী 3.75 বিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে আমাদের প্রতিশ্রুতি প্রসারিত করেছি। এটি জনস্বাস্থ্য রক্ষা করে এবং নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনীয় আবাসন নির্মাণে সহায়তা করে।

আসুন আমরা আরও গভীরে গিয়ে দেখে নিই কীভাবে এই অগ্রাধিকারগুলি সংখ্যায় প্রতিফলিত হয় এবং পরিকল্পনাটি ব্যাখ্যা করার জন্য আমি আমাদের বাজেট পরিচালক, Blake Washington (ব্লেক ওয়াশিংটন)-কে মঞ্চে আমন্ত্রণ জানাতে চাই।

[BUDGET DIRECTOR BLAKE WASHINGTON SPEAKS]

ধন্যবাদ, Blake (ব্লেক)।

Blake (ব্লেক) যে বিষয়টি নিয়ে কথা বলেছেন, তার উপর আমার জোর দেওয়া প্রয়োজন। নিউ ইয়র্ক স্টেট আগামী দুই বছরে 17 বিলিয়ন ডলার রাজস্ব পাবে যা পূর্বের অনুমানকে ছাড়িয়ে গেছে। এটা হল উচ্চ আয়ের ব্যক্তিদের কাছ থেকে 17 বিলিয়ন ডলার, রেকর্ড ওয়াল স্ট্রিট বোনাস থেকে। এবং এমন একটি অর্থনীতি থেকে যা আবার সমৃদ্ধ হয়ে উঠছে।

এই অর্থই আমরা নিউ ইয়র্কবাসীদের ফেডারেল উদাসীনতা থেকে রক্ষা করতে এবং আগামী বছরের জন্য আমাদের স্থিরসঙ্কল্পের এজেন্ডা বাস্তবায়নের জন্য ব্যবহার করব।

এটি আমাদের রিজার্ভকে শক্তিশালী রাখতে সহায়তা করে যাতে আমরা আগামীকালের জন্য আমাদের অগ্রাধিকারগুলির তহবিল বজায় রাখতে পারি।

এই কারণেই গত পাঁচ বছর ধরে আমি নিউ ইয়র্ককে প্রতিযোগিতামূলক রাখার জন্য একটি প্রবৃদ্ধি-বান্ধব এজেন্ডার উপর দৃষ্টি নিবদ্ধ করেছি। কারণ এভাবেই আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য একটি শক্তিশালী সামাজিক সুরক্ষা জালের তহবিল তৈরি করি যাদের এটির প্রয়োজন এবং এমন প্রোগ্রামগুলি প্রসারিত করি যা পরিবারগুলিকে শিশু পরিচর্যার মতো অত্যাবশ্যক খরচ বহন করতে সহায়তা করে।

এই বাজেটের সামগ্রিক পর্যালোচনা করলে দেখা যাবে যে এটি শৃঙ্খলা, গতি, উচ্চাকাঙ্ক্ষা এবং আরও অনিশ্চিত বিশ্বের জন্য প্রস্তুতির প্রতিফলন ঘটায়।

আমার স্টেট অফ দ্য স্টেট (State of the State) ভাষণে আমি বলেছিলাম যে সংকট আসার আগেই আমরা সক্রিয়ভাবে অভ্যন্তরীণ শক্তি, সহনশীলতা এবং প্রস্তুতি গড়ে তুলেছি। আগামী দিনগুলোতে আমরা অনুকূল, সহজ, বিঘ্নহীন পরিস্থিতি আশা করছি না। ভবিষ্যতে যাই আসুক না কেন, তা মোকাবেলা করার জন্য আমাদের পথ ঠিক করে রাখছি।

আমরা সাবধানতার সাথে সিদ্ধান্ত নিচ্ছি এবং আমাদের সম্পদগুলি দায়িত্বের সাথে ব্যবহার করছি। কারণ আপনার পরিবারকে রক্ষা করা এবং আপনার ভবিষ্যৎ রক্ষা করাই আমার লড়াই।

আর আমরা কীভাবে এটি সম্পন্ন করতে পারি, এই বাজেটেই তা বলা হয়েছে।

ধন্যবাদ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন